স্মারক নং- সিকৃবি/রেজিঃ/এএসবি/এম.এস.ভ.বি.স.-৩৮/০৮/১৮৫ তারিখঃ ২১-০৭-২০১৬

জুলাই-ডিসেম্বর, ২০১৬ সেমিস্টারে এমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই-ডিসেম্বর, ২০১৬ সেমিস্টারে ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদ অন্তর্ভূক্ত এনাটমি অ্যান্ড হিস্টোলজি, ফিজিওলজি, ফার্মাকোলজি অ্যান্ড টক্সিকোলজি, মাইক্রোবায়োলজি অ্যান্ড ইমিউনোলজি, এপিডেমিওলজি অ্যান্ড পাবলিক হেলথ, এনিম্যাল নিউট্রিশন, লাইভস্টক প্রোডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট, ডেয়রি সায়েন্স, পোল্ট্রি সায়েন্স, জেনেটিক্স অ্যান্ড এনিম্যাল ব্রিডিং, প্যারাসাইটোলজি, প্যাথলজি, মেডিসিন, সার্জারি অ্যান্ড থেরিওজেনোলজি বিভাগ, কৃষি অনুষদ অন্তর্ভূক্ত এগ্রোনমি অ্যান্ড হাওর এগ্রিকালচার, সয়েল সায়েন্স, ক্রপ বোটানি অ্যান্ড টি প্রোডাকশন টেকনোলজি, হর্টিকালচার, প্ল্যান্ট প্যাথলজি অ্যান্ড সীড সায়েন্স, এন্টোমলজি, এগ্রোফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন বিভাগ, মাৎস্যবিজ্ঞান অনুষদ অন্তর্ভূক্ত একোয়াকালচার, ফিশ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স, ফিশ হেলথ্ ম্যানেজমেন্ট, একোয়াটিক রিসোর্স ম্যানেজমেন্ট, ফিশারিজ টেকনোলজি অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল, কোস্টাল অ্যান্ড মেরিন ফিশারিজ বিভাগ, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ অন্তর্ভূক্ত এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড পলিসি, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট, কৃষি পরিসংখ্যান, এগ্রিকালচারাল ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ অন্তর্ভুক্ত বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি বিভাগসমূহে তিন সেমিস্টার (১৮মাস) মেয়াদী এমএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা:

১। ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স, কৃষি, মাৎস্য বিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিভিএম, বিএসসি এজি.(অনার্স), বিএসসি ফিশারিজ(অনার্স), বিএসসিএজি.ইকন.(অনার্স), বিএসসি বায়োটেক. অ্যান্ড জেনেটিক ইঞ্জি.(অনার্স) ডিগ্রিধারী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রিধারী হতে হবে।

২। ক্রেডিট কোর্স পদ্ধতিতে স্নাতক পাশকৃত শিক্ষার্থীদের জিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে ২.৭৫ অথবা ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ এবং সংশ্লিষ্ট বিষয়ে আলাদাভাবে ৩.০০ অথবা ৩.৫০ থাকতে হবে।

৩। উল্লেখ্য যে, এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন, এগ্রিকালচারাল স্ট্যাটিসটিক্স ও এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট বিভাগে এই বিশ্ববিদ্যালয় হতে ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স, কৃষি, মাৎস্যবিজ্ঞান, কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা এবং বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ হতে স্নাতক ডিগ্রিধারী অথবা অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিধারী এবং বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমেস্ট্রি বিভাগে এই বিশ্ববিদ্যালয় হতে ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স, কৃষি, মাৎস্যবিজ্ঞান ও বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ হতে স্নাতক ডিগ্রিধারী অথবা অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে সমমান ডিগ্রিধারী শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে।

<u>অন্যান্য যোগ্যতা:</u>

১। চাকরিরত প্রার্থীদেরকে স্ব-স্ব নিয়োগ কর্তার নিকট থেকে অধ্যয়নকালীন ক্লাশে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পন্নের জন্য তিন সেমিস্টার (১৮ মাস) ব্যাপী ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ পূরণকৃত ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তির তারিখ হতে দুই মাসের মধ্যে ছুটির চুড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গন্য হবে।

২। বিভাগীয় পাঠ্য পর্ষদ কর্তৃক ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রী কোন প্রতিষ্ঠানে চাকরিরত কি না ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীর আবেদনপত্রে সুপারভাইজারের স্বাক্ষর বা সম্মতিপত্র নিয়ে ভর্তি হতে হবে।

৩। সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসিট, গ্রেডসিটের সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের ০২ কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি জমা দিতে হবে।

৪। অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাসকৃত শিক্ষার্থীগন এই বিশ্ববিদ্যালয়ের এমএস কোর্সে ভর্তি হতে ইচ্ছুক হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে তার পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান হতে মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলী:

১। বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখা হতে নির্ধারিত রশিদ পূরণ করত: রূপালী ব্যাংক লিঃ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখায়, নগদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা প্রদান করে উক্ত রশিদ রেজিস্ট্রার কার্যালয়ের অ্যাডভান্সড্ স্টাডিজ বোর্ড শাখায় (কক্ষ নং-৩০৩) জমাদান সাপেক্ষে ২১-০৭-২০১৬ হতে ২৮-০৭-২০১৬ তারিখ পর্যন্ত ভর্তি ফরম সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত ভর্তি ফরম অবশ্যই ৩১-০৭-২০১৬ তারিখের মধ্যে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান বরাবরে স্বহস্তে জমা প্রদান করতে হবে।

২। ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের আবেদনপত্র বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক একাডেমিক কমিটির সুপারিশসহ আগামী ০২-০৮-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩। নির্বাচিত প্রার্থীগণকে আগামী ০৭-০৮-২০১৬ তারিখ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত ভর্তির কার্যাদি সম্পন্ন করতে হবে।

৪। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস ০৮-০৮-২০১৬ তারিখ থেকে শুরু হবে।

৫। ভুল তথ্য সম্বলিত, অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। যে সকল শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগে এমএস কোর্সে অধ্যয়নরত রয়েছে সে সকল শিক্ষার্থীর অন্য কোন বিভাগে এমএস কোর্সে পুনঃভর্তির কোন সুযোগ নেই।

৭। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।